



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল
www.fisheries.barisaldiv.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.২৩০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা আগামী ১৩/০৮/২০২৩খ্রি. তারিখ ৩.৩০ ঘটিকায়, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল, জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, ঐর সভাপতিত্বে, সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৩-০৮-২০২৩

নূপেন্দ্র নাথ বিশ্বাস

উপপরিচালক (চলতি দায়িত্ব)

০২৪৭৮৮৬১৩২৬

ddbarisal@fisheries.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ২। মৎস্য চাষ প্রকৌশলী, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৩। স্টাটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল;
- ৪। প্লটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এবং
- ৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.২৩০/১ (১)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর।



১৩-০৮-২০২৩

মুহাম্মদ নাসির উদ্দীন

সহকারী পরিচালক

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক
(জুলাই-সেপ্টেম্বর, ২০২৩-২৪) সভা এর কার্যবিবরণীঃ**

সভার তারিখঃ ১৩ আগস্ট, ২০২৩ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভার সময়ঃ বিকাল ০৩.৩০ ঘটিকা।

সভাপতিঃ জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক (চ:দা), মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান।

সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হওয়া ও অফিস ত্যাগ করার সময় সম্পর্কে আলোচনা করেন এবং অফিসের সকল কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখার জন্য বলেন। সভায় পোশাক পরিচ্ছদ পরিধান করার প্রসঙ্গে অফিসে ফরমাল পোশাক পরিধান করতে বলেন। অফিসে সকল কাজে যথাযথভাবে রেজিস্টার মেনেইনটেইন করতে হবে এবং যার যার অবস্থান থেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে নিষ্ঠার সহিত পালন করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

- ১। কর্মকর্তা ও কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হতে হবে এবং সরকার নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ করা যাবে না।
- ২। সকল কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখতে হবে।
- ৩। অফিসে ফরমাল পোশাক পরিধান করতে হবে।
- ৪। যথাযথ রেজিস্টার মেনেইনটেইন করতে হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা মৎস্য দপ্তরগুলো তাদের বিভিন্ন প্রতিবেদন সরাসরি বিভাগীয় দপ্তরে প্রেরণ না করে জেলা দপ্তরে প্রেরণ করেন। রাজস্ব ও প্রকল্পের আওতায় মৎস্যজীবীদের মধ্যে প্রশিক্ষণ আয়োজন এবং উপকরণ বিতরণের শিডিউল পূর্বেই উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল বরাবর প্রেরণ করেন। সুতরাং বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সর্বপরি যার যার অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২০/৮/২০২৩

(নূপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক(চ:দা)

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ,
বরিশাল।

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.২৮২

তারিখঃ ১৩ আগস্ট, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।
- ৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।
- ৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।
- ৫। সংশ্লিষ্ট নথি।



উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক
(জুলাই-সেপ্টেম্বর, ২০২৩-২৪) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সভার তারিখঃ ১৩ আগস্ট, ২০২৩ খ্রিঃ

সময়ঃ বিকাল ০৩.৩০ ঘটিকা।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভাপতিঃ জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক (চ:দা), মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১।	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচালক	
২।	জনাব মোঃ রুবেল মিঞা	মৎস্যচাষ প্রকৌশলী	
৩।	জনাব মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৪।	জনাব সুপর্ণা গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	
৫।	জনাব মো: জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	